



পরিবারকে একসঙ্গে সাথে নিয়ে ভোট দিলেন তারেক রহমান



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

পরিবারকে সঙ্গে নিয়েই ভোটকেন্দ্রে হাজির হন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) সকাল ৯টা ৪০ মিনিটে রাজধানীর গুলশান মডেল স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে তিনি ভোটাধিকার প্রয়োগ করেন। এ সময় তার পাশে ছিলেন স্ত্রী ডা. জোবাইদা রহমান ও মেয়ে ব্যারিস্টার জায়মা রহমান। চলতি নির্বাচনে তিনি ঢাকা-১৭ ও বগুড়া-৬ এই দুই আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করছেন। ভোট দেওয়ার পর প্রতিক্রিয়ায় তিনি জয়ের ব্যাপারে আত্মবিশ্বাসের কথা জানান। নির্বাচিত হলে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি শক্তিশালী করার অঙ্গীকারও করেন।

সাংবাদিকদের সঙ্গে আলাপে তারেক রহমান বলেন, ভোটের আগের রাতে দেশের কয়েকটি এলাকা থেকে অপ্রীতিকর ঘটনার খবর এসেছে। তবে তিনি মনে করেন, আইনশৃঙ্খলা বাহিনী দ্রুত ব্যবস্থা নিয়েছে। জনগণ সক্রিয়ভাবে ভোট দিলে যেকোনো অপচেষ্টা ব্যর্থ হবে বলেও মন্তব্য করেন তিনি। সকাল সাড়ে ৭টা থেকে দেশজুড়ে ভোটগ্রহণ শুরু হয়েছে, যা বিকেল সাড়ে ৪টা পর্যন্ত চলবে। অনেক কেন্দ্রে ভোটারদের আগাম উপস্থিতি লক্ষ্য করা গেছে, কোথাও কোথাও দীর্ঘ সারিও দেখা গেছে। বিভিন্ন রাজনৈতিক দলের শীর্ষ নেতারাও দিনের শুরুতেই ভোট দিয়েছেন।

নির্বাচন উপলক্ষে আগের দিনই সারা দেশে ভোটকেন্দ্রে প্রয়োজনীয় সরঞ্জাম পৌঁছে দেওয়া হয়। নিরাপত্তা নিশ্চিত করতে রাতভর দায়িত্বে ছিলেন আইনশৃঙ্খলা রক্ষাকারী সদস্যরা। এবারের সংসদ নির্বাচন হচ্ছে ২৯৯টি আসনে। প্রার্থীর মৃত্যুজনিত কারণে শেরপুর-৩ আসনে ভোট স্থগিত রয়েছে। নিবন্ধিত ৫০টি দল অংশ নিয়েছে এ নির্বাচনে। মোট প্রার্থী ২ হাজার ২৮ জন। এর মধ্যে দলীয় প্রার্থী ১ হাজার ৭৫৫ জন এবং স্বতন্ত্র ২৭৩ জন। নারী প্রার্থী আছেন ৮৩ জন—দলীয় ৬৩ ও স্বতন্ত্র ২০। পুরুষ প্রার্থীর সংখ্যা ১ হাজার ৯৪৫ জন, যাদের মধ্যে ১ হাজার ৬৯২ জন দলীয় এবং ২৫৩ জন স্বতন্ত্র।